শৈলকুপায় আন্তর্জাতিক নারী দিবস পালিত

“করোনাকালে নারী নেতৃত্ব গড়বে নতুন সমতাল বিশ্ব সবাই মিলে ভাবো, নতুন কিছু করো“ এ প্রতিপাদ্য বিষয় সামনে নিয়ে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় আন্তর্জাাতিক নারী দিবস ২০২১ উদযাপিত হয়েছে। সোমবার সকাল ১১টায় উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা অধিদপ্তরের যৌথ আয়োজনে একটি র্যালী শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা এর সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, উপজেলা মাধ্যমিক কর্মকর্তা শামিম আহমেদ খান, মহিলা বিষয়ক কর্মকর্তা রেশমা খানম,উপস্থাপনা করেন সহকারী অধ্যাপক আব্দুল ওহাব।

কোটচাঁদপুরে নানা আয়োজনে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত

“তুমি বাংলার ধ্রুবতারা তুমি হৃদয়ের বাতিঘর, আকাশে বাতাশে বজ্রকন্ঠ তোমার কন্ঠস্বর”। ঐতিহাসিক ◌ং৭ই মার্চে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ ছিলো এদেশের নির্যাতিত,নিপীড়িত,সুবিধা বঞ্চিত,ক্ষুধার্ত মানুষের মুক্তির ভাষণ। এই ভাষণের মাধ্যমেই বাংলাদেশ পেয়েছে একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। দিবসটি উদযাপন উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে রোববার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ চত্তরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

পরে উপজেলা পরিষদ মিলনায়তনে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ পরিবেশণ , আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম। উপজেলা সহকারি শিক্ষা অফিসার মাজেদুর রহমানের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা। পরে অতিথিরা এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। শেষে রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

শৈলকুপায় বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত

ঝিনাইদহের শৈলকুপায় যথাযোগ্য শ্রদ্ধা ও ভালবাসায় ঐতিহাসিক ৭ই মার্চ পালিত হয়েছে এ উপলক্ষে রোববার সকালে উপজেলার সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন এবং শহরের কলেজ রোডে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় সঙ্গীতের সাথে সাথে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। পরে একটি র্যালি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা আওয়ামী লীগ, আওয়ামী যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগ সহ বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের অসংখ্য নেতাকর্মীবৃন্দ। এছাড়া বিভিন্ন ইউনিয়নে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার, গণভোজ ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।বেলা ১১টায় উপজেলা পরিষদের

সভাকক্ষে আলোচনা সভা ও ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। এ ছাড়াও উপজেলা মুক্তি যোদ্ধা সংসদ এক আলোচনা সভা ও গণভোজের আয়োজন করে।

উভয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ (শৈলকুপা) আসনের সংসদ সদস্য আব্দুল হাই , সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফতেমা লিজা, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান শিকদার শেফালি বেগম, সহকারী কমিশনার (ভ’মি) পার্থপ্রতিম শীল,জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার মকবুল হোসেন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ,শৈলকুপা উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার মনোয়ার হোসেন মালিথা ,জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান আসাদ,উপজেলা আওয়ামীলীগের আহ্বায়ক মতিয়ার রহমান প্রমুখ। এছাড়াও বিকাল ৩টায় শৈলকুপা থানা চত্বরে এক আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রীতি সমাবেশ ২০২১আয়োজনে ঝিনাইদহ পৌরসভা

তাপস কুন্ডু ঝিনাইদহ

ঝিনাইদহ জেলা প্রশাসক জনাব সরোজ কুমার নাথের প্রীতি সমাবেশ অনুষ্ঠানটি ঝিনাইদহে দেবদারু এভিনিউ তে আয়োজন করা হয়। মহোদয়কে ফুলেল শুভেচ্ছা ও ক্রেষ্ট প্রদান করেন ঝিনাইদহের সর্বস্তরের মানুষ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পৌরসভা মেয়র সাইদুল করিম মিন্টু। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন জনাব আব্দুল হাই এমপি, সভাপতি জেলা আওয়ামী লীগ। বিশেষ অতিথি- জনাব সরোজ কুমার নাথ জেলা প্রশাসক, ঝিনাইদহ ।

জনাব মোঃ হাসানুজ্জামান চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট, ঝিনাইদহ ও জনাব মুনতাসিরুল ইসলাম, পুলিশ সুপার, ঝিনাইদহ। আলোচক- জনাব ড,বিএম রেজাউল করিম

অধ্যক্ষ, সরকারি কে সি কলেজ,ঝিনাইদহ। প্রীতি সমাবেশে শতাধিক সংগঠনের নেতৃবৃন্দ”র ফুলেল শুভেচ্ছা প্রদানের আগে জেলা প্রশাসক জনাব সরোজ কুমার নাথ মহোদয়কে ঝিনাইদহ পৌরসভা নাগরিকত্ব প্রদান করেন পৌরসভা মেয়র সাইদুল করিম মিন্টু। তিনি নাগরিকত্ব সনদ তুলে দেন তাঁর হাতে।

সেসময় পৌরসভার নাগরিকত্ব ব্যাজ পরিয়ে দেন জেলা আওয়ামী লীগের সভাপতি জনাব আব্দুল হাই এমপি। ঝিনাইদহ পৌরসভার পক্ষ থেকে এ প্রীতি সমাবেশের আয়োজন করা হয়।

ঝিনাইদহে নতুন জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব নিচ্ছেন মুজিবর রহমান

নুতন জেলা প্রশাসক হিসেবে আগামী রোববার দায়িত্ব গ্রহণ করবেন মুজিবর রহমান। তিনি বিদায়ী জেলা প্রশাসক সরোজ কুমার নাথের স্থলাভিসিক্ত হবেন। গতকাল শনিবার প্রশাসনের সর্বস্তরের কর্মকর্তাগণ ঝিনাইদহ সার্কিট হাউজে নুতন জেলা প্রশাসককে স্বাগত জানান।
বিদায়ী জেলা প্রশাসক সরোজ কুমার নাথকে আগামী রোববার ঝিনাইদহ সদর উপজেলা পরিষদের হল রুমে ফেয়ারওয়েল প্রদান করা হবে।

ঝিনাইদহের চারুগৃহ শিশুস্বর্গ

প্রি স্কুলে বসন্ত উৎসব ও পিঠা মেলা অনুষ্ঠিত

মননশীল মেধা বিকাশের অন্যতম প্রতিষ্ঠান ঝিনাইদহের চারুগৃহ শিশুস্বর্গ প্রি স্কুলে শনিবার সকাল ১০ টায় বসন্তের আগমনী হাওয়ায় মেতেউঠে দীর্ঘদিন পর বাচ্চাদের নিয়ে আয়োজন করে বসন্ত উৎসব ও পিঠা মেলা অনুষ্ঠান -১৪২৭। ফিতা কেটে অনুষ্ঠান উদ্বোধন করেন অনুষ্ঠানের উদ্বোধক ঝিনাইদহ সরকারি কেসি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড.বিএম রেজাউল করিম। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সরোজ কুমার নাথ, জেলা প্রশাসক ঝিনাইদহ। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সাইদুল করিম মিন্টু, মেয়র ঝিনাইদহ পৌরসভা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জাহাঙ্গীর হোসাইন চেয়ারম্যান হরিনাকুন্ডু উপজেলা পরিষদ,ঝিনাইদহ।

ঝিনাইদহ জেলা সম্মিলিত সাংস্কৃতিক জোটের সেক্রেটারি বাবুল আক্তার লাল্টু৷ চারুগৃহ আর্ট স্কুলের প্রধান শিক্ষক রাম গোপাল বিশ্বাস, চারুগৃহ স্কুলের প্রতিষ্ঠাতা আমিতাভ বিশ্বাস। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন চারুগৃহ শিশু স্বর্গ প্রি স্কুলের অধ্যক্ষ আরেফিন অনু। সঞ্চালনা করেন স্কুলের মেন্টর শিক্ষক সফিকুল ইসলাম জুয়েল। আলোচনা পর্ব শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরষ্কার বিতরণ করা হয়। অনুষ্ঠান বাস্তবায়ন কমিটির আহবায়ক আসাদুজ্জামান ও সদস্য সচিব মুশফিক সহ অনুষ্ঠান বাস্তবায়নে সহযোগিতাকারী সকল প্রতিষ্ঠান ও ব্যক্তিকে ধন্যবাদ জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

ঝিনাইদহে কৃতি শিক্ষার্থী, আদর্শ শিক্ষক ও শ্রেষ্ঠ শিক্ষা

প্রতিষ্ঠানকে সম্মাননা

ঝিনাইদহে ২০১৭ ও ১৮ সালের কৃতি শিক্ষার্থী, আদর্শ শিক্ষক ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানকে সম্মাননা প্রদান করা হয়েছে। ঝিনাইদহ ফাউন্ডেশনের আয়োজনে গতকাল শুক্রবার বিকালে জেলা শিল্পকলা একাডেমীতে এ সংবর্ধনা প্রদান করা হয়।
ঝিনাইদহ ফাউন্ডেশন এর সভাপতি ও জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী, সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস।
অনুষ্ঠান পরিচালনা করেন ঝিনাইদহ জেলা প্রেস ক্লাবের সভাপতি ও ঝিনাইদহ ফাউন্ডেশনের প্রচার সম্পাদক মিজানুর রহমান।
অনুষ্ঠানে আলোচনা সভা শেষে ২০১৭ ও ১৮ সালের জেলার ৬ উপজেলার মাধ্যমিক, মাদ্রাসা ও কলেজ পর্যায়ের শ্রেষ্ঠ ৪১ জন শিক্ষার্থী, ৩৬ টি শিক্ষা প্রতিষ্ঠান ও ৬ জন আদর্শ শিক্ষককে সম্মাননা প্রদান করা হয়। পরে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। সকালে আয়োজন করা হয় বিতর্ক প্রতিযোগিতা।

দুর্ঘটনা কেড়ে নিয়েছে ফারুকের স্বপ্ন

স্বপ্ন ছিল চাকুরী করে ২ টি সন্তান মানুষ করব। অবিবাহিত এক বোনকে বিয়ে দিব। মা-বাবাকে ভালো মত দেখাশোনা করব। চাকুরী পেয়েছিলাম। ভালো বেতনও পাচ্ছিলাম। কিন্তু এক সড়ক দুর্ঘটনা আমার স্বপ্ন ভেঙ্গে চুরমার করে দিয়েছে। এখন আমার সংসার চালানোই কষ্টকর হয়ে যাচ্ছে। একজনের সহযোগিতা ছাড়া উঠতে পারিনা। সড়ক দুর্ঘটনায় প্রাণে বেঁচে গেলেও একটি পা কেটে ফেলতে হয়েছে। একটি প্লাস্টিকের পা লাগিয়ে চলাফেরা করব তাও কেনার সামর্থ্য নেই

আমার’। এভাবেই কষ্টের কথা বলছিলেন ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়নের বাসুদেবপুর গ্রামের মকবুল মন্ডলের ছেলে ফারুক হোসেন (৩০)।
গত বছরের ২৩ আগস্ট শহরের সিটিমোড়ে ফল বোঝায় ট্রাকের ধাক্কায় গুরুতর আহত হন সে। বাবা-মা সহায়-সম্বল বিক্রি করে চিকিৎসা করিয়ে কোনমতে প্রাণে বাঁচাতে পারলেও হারিয়েছেন তার ডান পা। এখন পরিবারের সদস্যদের সহযোগিতায় চলাফেরা করতে হয় তার। একটি প্লাস্টিকের পা লাগাতে চেয়েছেন টাকার জন্য তাও কিনতে পারছেন না। পিতা মকবুল মন্ডল বলেন, আমার ছেলে মাস্টার্স শেষ করে একটি কোম্পানীতে চাকুরী করছিল। তার পোস্টিং ছিল নোয়াখালীর লক্ষীপুরে। গত বছর বাড়িতে এলে দুর্ঘটনা ঘটে। এখন সংসার চালাতে পারছি না। ৭ সদস্যের সংসারে এখন অভাব-অনটন লেগেই রয়েছে। পাশাপাশি রয়েছে চিকিৎসা খরচ।
এ অবস্থায় সরকার ও সমাজের বিত্তবানদের সহযোগিতা কামনা করেন তিনি। বোন শিউলি খাতুন বলেন, আমার ভাই এখন চলতে পারে না। বাড়ি থেকে বের হলেই আমি সাথে যায়। আর কতদিন এভাবে চলবে সে। প্লাস্টিকের পা কিনতে পারলে সে কোনমত চলাফেরা করতে পারতো। বৃদ্ধ বাবার সামর্থ্য নেই এতটাকা দেওয়ার। সমাজের বিত্তবানরা যদি আমার ভাইকে সহযোগিতা করতো কষ্টের মধ্যে হলেও সে একটু বেঁচে থাকতে পারতো। ফারুক হোসেন বলেন, আমার জীবন তো শেষ। আমার ২ টি সন্তান রয়েছে। এখন পারিনা কোন কাজ করতে। পারিনা ভিক্ষা করতে। এই অবস্থার মধ্য দিয়েই চলছে। এভাবেই জীবন পার করতে হবে। সন্তানদুটো মানুষ করতে পারলে আমি মরেও শান্তি পেতাম। কিন্তু তাদের লেখা-পড়া শেখাবো কি করে। কাজও করতে পারিনা। কোথাও যেতে পারিনা। একটি পা কিনতে চাচ্ছি। এতটাকাও নেই। মানুষের সহযোগিতা পেলে একটি পা কিনতে পারতাম। ফারুক হোসেনের সহযোগিতা করতে চাইলে তার বিকাশ নম্বর (০১৭৪১-৪২১০৮১)।

কোটচাঁদপুরে এক বছরের

সাজাপ্রাপ্ত আসামী পৌর ওয়ার্ড কাউন্সিলর গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদক মামলায় এক বছরের সাজাপ্রাপ্ত আসামী পৌরসভার সদ্য বিজয়ী ১ নং ওয়ার্ড কাউন্সিলর মাহবুব খাঁন হানিফকে গ্রেফতার করেছে কোটচাঁদপুর থানা পুলিশ। শুক্রবার বেলা ১১টার দিকে পৌর শহরের দুধসারা এলাকা থেকে তাকে আটক করা হয়। আটককৃত কাউন্সিলর আবু হানিফ ওই এলাকার মৃত জয়নাল আবেদীনের ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুল আলম গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করে জানান, সদ্য বিজয়ী পৌর কাউন্সিলর আবু হানিফের বিরুদ্ধে ঝিনাইদহ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ১৯৯০ এর ১৯ (১) (ক) ধারায় দোষী সাব্যস্ত করে এক বছরের সশ্রম কারাদন্ড এবং ৫’শ টাকা জরিমানা, অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করেন। পরবর্তিতে তার বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী হলে অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মুহাইমিনুল ইসলাম এর নির্দেশনায় থানার সেকেন্ড অফিসার এসআই মান্নান সহ সঙ্গীয় ফোর্স নিয়ে শুক্রবার সকালে তাকে গ্রেফতার করা হয়। পরে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

উল্লেখ্য সাজাপ্রাপ্ত আসামী আটক আবু হানিফ গত ৩০ জানুয়ারী কোটচাঁদপুর পৌর সভার নির্বাচনে সাবেক প্যানেল মেয়র আনারুল ইসলাম সেন্টুকে পরাজিত করে কাউন্সিলর হিসাবে বিজয়ী হন। এর ২৭ দিন পর গত ২৭ ফেব্রুয়ারী খুলনা বিভাগীয় কমিশনার মোঃ ইসমাঈল হোসেনের নিকট শপথ গ্রহন করেন।

দুর্ঘটনা কেড়ে নিয়েছে ঝিনাইদহের ফারুকের স্বপ্ন,

সামর্থ্য নেই প্লাস্টিকের পা কেনার

স্বপ্ন ছিল চাকুরী করে ২ টি সন্তান মানুষ করব। অবিবাহিত এক বোনকে বিয়ে দিব। মা-বাবাকে ভালো মত দেখাশোনা করব। চাকুরী পেয়েছিলাম। ভালো বেতনও পাচ্ছিলাম। কিন্তু এক সড়ক দুর্ঘটনা আমার স্বপ্ন ভেঙ্গে চুরমার করে দিয়েছে। এখন আমার সংসার চালানোই কষ্টকর হয়ে যাচ্ছে। একজনের সহযোগিতা ছাড়া উঠতে পারিনা। সড়ক দুর্ঘটনায় প্রাণে বেঁচে গেলেও একটি পা কেটে ফেলতে হয়েছে। একটি প্লাস্টিকের পা লাগিয়ে চলাফেরা করব তাও কেনার সামর্থ্য নেই আমার’। এভাবেই কষ্টের কথা বলছিলেন ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়নের বাসুদেবপুর গ্রামের মকবুল মন্ডলের ছেলে ফারুক হোসেন (৩০)। গত বছরের ২৩ আগস্ট শহরের সিটিমোরে ফল বোঝায় ট্রাকের ধাক্কায় গুরুতর আহত হন সে। বাবা-মা সহায়-সম্বল বিক্রি করে চিকিৎসা করিয়ে কোনমত প্রাণে বাঁচাতে পারলেও হারিয়েছেন তার ডান পা। এখন পরিবারের সদস্যদের সহযোগিতায় চলাফেরা করতে হয় তার। একটি প্লাস্টিকের পা লাগাতে চেয়েছেন টাকার জন্য তাও কিনতে পারছেন না।

পিতা মকবুল মন্ডল বলেন, আমার ছেলে মাস্টার্স শেষ করে একটি কোম্পানীতে চাকুর করছিল। তার পোস্টিং ছিল নোয়াখালীর লক্ষীপুরে। গত বছর বাড়িতে এলে দুর্ঘটনা ঘটে। এখন সংসার চালাতে পারছি না। ৭ সদস্যের সংসারে এখন অভাব-অনটন লেগেই রয়েছে। পাশাপাশি রয়েছে চিকিৎসা খরচ। এ অবস্থায় সরকার ও সমাজের বিত্তবানদের সহযোগিতা কামনা করেন তিনি।

বোন শিউলি খাতুন বলেন, আমার ভাই এখন চলতে পারে না। বাড়ি থেকে বের হলেই আমি সাথে যায়। আর কতদিন এভাবে চলবে সে। প্লাস্টিকের পা কিনতে পারলে সে কোনমত চলাফেরা করতে পারতো। বৃদ্ধ বাবার সামর্থ্য নেই এতটাকা দেওয়ার। সমাজের বিত্তবানরা যদি আমার ভাইকে সহযোগিতা করতো কষ্টের মধ্যে হলেও সে একটু বেঁচে থাকতে পারতো। ফারুক হোসেন বলেন, আমার জীবন তো শেষ। আমার ২ টি সন্তান রয়েছে। এখন পারিনা কোন কাজ করতে। পারিনা ভিক্ষা করতে। এই অবস্থার মধ্য দিয়েই চলছে। এভাবেই জীবন পার করতে হবে। সন্তানদুটো মানুষ করতে পারলে আমি মরেও শান্তি পেতাম। কিন্তু তাদের লেখা-পড়া শিখাবো কি করে। কাজও করতে পারিনা। কোথাও যেতে পারিনা। একটি পা কিনতে চাচ্ছি। এতটাকাও নেই। মানুষের সহযোগিতা পেলে একটি পা কিনতে

পারতাম। ফারুক হোসেনের সহযোগিতা করতে চাইলে তার বিকাশ নম্বর (০১৭৪১-৪২১০৮১)।